ইসলামী সাংস্কৃতিক আন্দোলনের প্রাণপুরুষ
সাইমুম শিল্পীগোষ্ঠীর প্রতিষ্ঠাতা পরিচালক
কবি মতিউর রহমান মল্লিকের গানের বই

মল্লিকের গান



সাইমুম

সাইমুম শিল্পীগোষ্ঠী

www.saimumbd.com

www.amarboi.org

সম্পাদক
হুসনে মোবারক

নির্বাহি সম্পাদক
রবিউল ইসলাম ফয়সল

সম্পাদনা সহযোগি
আবদুল বাতেন
মারুফ আল্লাম
নওশাদ মাহফুজ
আহমদ আল আমিন
তৌফিক মাহমুদ
মোঃ নুরুদ্দীন
সোহাইল আহমদ

কৃতজ্ঞতা স্বীকার
মীর কাসেম আলী
ডাঃ ফখরুদ্দীন মানিক
মো. দেলাওয়ার হোসেন
মু. সোহেল খান
মোহাম্মদ আবু নাছের
সাবিনা মল্লিক

প্রচ্ছদ ও অলংকরণ
নাসির উদ্দিন

প্রকাশকাল- ১ মার্চ ২০১১

প্রকাশনা ও সর্বস্বত্ব
সাইমুম শিল্পীগোষ্ঠী
www.saimumbd.com

পরিবেশক
সমন্বিত সাংস্কৃতিক সংসদ (সসাস)

বিনিময়: পঞ্চাশ টাকা মাত্র

www.pathagar.com

সম্পাদকীয়

"আমার গানের ভাষা জীবনের সাথে যেন
মিলেমিশে হয় একাকার"

বিশ্বাস দ্বারাই মানবসত্ত্বা পরিচালিত মূলত। কবি মতিউর রহমান মল্লিকের গানের ভাষা তাঁর বিশ্বাসের অকপট প্রকাশ।

কবি মতিউর রহমান মল্লিকের ভাষার সারল্য, বিষয়ের গভীরতা, শব্দ বুননের কৌশল এবং জীবন বোধের প্রগাঢ়তা তাঁর গানকে করেছে ঐশ্বর্য মণ্ডিত।

কবি মতিউর রহমান মল্লিকের নিজের কণ্ঠে গাওয়া পঁয়ত্রিশটি গান নিয়ে বইটির প্রকাশ। সংকলনটি প্রকাশের মূল উদ্দেশ্য, ছোট্ট করে হলেও সবার হাতে কবি মতিউর রহমান মল্লিকের জনপ্রিয় গানগুলো পৌছে দেয়া। পরবর্তি সংকলনে 'মল্লিকের গান সমগ্র' বের করার ইচ্ছা রইলো। 'মল্লিকের গান' সংকলনটি প্রকাশের পেছনে রয়েছে সাইমুমের শিল্পীদের অক্লান্ত পরিশ্রম। যথা সম্ভব চেষ্টার পরেও ভূল-ত্রুটি থাকা অসম্ভব নয়। সুহৃদ পাঠকের পরামর্শ পরবর্তি সংস্করণকে আরো সমৃদ্ধ করবে।

আল্লাহ আমাদের সহায় হোন।

হুসনে মোবারক
পরিচালক
সাইমুম শিল্পীগোষ্ঠী
১ মার্চ ২০১১

www.pathagar.com

গানের সূচি

০১. তোমার সৃষ্টি যদি	০৭
০২. এলো কে কাবার দ্বারে	০৮
০৩. গান শোনাতে পারি	১০
০৪. আন্দোলন সেতো জীবনের অন্য নাম	১১
০৫. যদি কেউ বুঝে থাক মুসলিম মরে গেছে	১২
০৬. এ আকাশ মেঘে ঢাকা রবে না	১৪
০৭. যা কিছু করতে চাও করতে পারো	১৫
০৮. কথায় কাজে মিল দাও	১৬
০৯. এখানে কি কেউ নেই	১৭
১০. ধৈর্য ধারণ করার শক্তি	১৮
১১. ঘন দূর্যোগ পথে দূর্ভোগ	১৯
১২. এই দূর্যোগে এই দূর্ভোগে আজ	২০
১৩. জিন্দাবাদ জিন্দাবাদ বীর মুজাহিদ	২১
১৪. আমার গানের ভাষা জীবনের সাথে	২২
১৫. কোন সাহসে চাও নেভাতে	২৩
১৬. দৃষ্টি তোমার খুলে রাখ	২৪
১৭. রোদের ভেতর ইলশে গুড়ি	২৫
১৮. হে খোদা মোর হৃদয় হতে	২৬
১৯. এই দুটি চোখ দিয়েছ বলে	২৭
২০. সে কোন বন্ধু বলো	২৮
২১. না হয় হলো মন শুকনো কোন	২৯
২২. আমাকে যখন কেউ প্রশ্ন করে	৩০
২৩. কি হবে হতাশ হয়ে	৩১

www.pathagar.com

গানের সূচি

২৪. উত্তাপে উজ্জল রক্তিম সময়ে	৩২
২৫. চলো চলো চলো মুজাহিদ	৩৩
২৬. পৃথিবী আমার আসল	৩৫
২৭. জিহাদ করতে চাই আমি	৩৬
২৮. মাঠ ভরা ঐ সবুজ দেখে	৩৭
২৯. দাও খোদা দাও হেথায় পূর্ণ	৩৮
৩০. এসো গাই আল্লাহ নামের গান	৩৯
৩১. হঠাৎ করে জীবন দেয়া	৪০
৩২. সারা বাংলার গ্রামে গঞ্জে	৪১
৩৩. একজন মুজাহিদ কখনো বসে থাকে না	৪২
৩৪. সাহসের সাথে কিছু স্বপ্ন জড়াও	৪৩
৩৫. জিহাদের মানে হলো বাচঁতে শেখা	৪৪
৩৬. বজ্র আঘাতে ভাঙ্গে এক সাথে	৪৫
৩৭. এত শহীদ রক্ত ঢালে	৪৬
৩৮. সংগঠনকে ভালোবাসি আমি	৪৭
৩৯. কার কতটা ঈমান আছে	৪৮
৪০. আম্মা বলেন ঘর ছেড়ে তুই	৪৯
৪১. কেউ ছুঁতে চায় তারার আলো	৫০
৪২. এই গুনাহগার প্রভু	৫২
৪৩. রাসুল আমার ভালোবাসা	৫৩
৪৪. গান আমার কাঁদেরে	৫৫
৪৫. টিক টিক টিক টিক যে ঘড়িটা	৫৬

www.pathagar.com

www.pathagar.com

তোমার সৃষ্টি যদি

তোমার সৃষ্টি যদি হয় এত সুন্দর
না জানি তাহলে তুমি কত সুন্দর
সেই কথা ভেবে ভেবে কেটে যায় লগ্ন
ভরে যায় তৃষিত এ অন্তর।

যে পাখি পালিয়ে গেল সুদূরে
যে নদী হারিয়ে গেল তেপান্তরে
সেই পাখি সেই নদী যদি এত সুন্দর
না জানি তাহলে তুমি কত সুন্দর।

যে তারা ছড়ায় হাসি আকাশে
যে ফুল সুরভি ঢালে বাতাসে
সেই তারা সেই ফুল যদি এত সুন্দর
না জানি তাহলে তুমি কত সুন্দর।

যে মানুষ মানুষের বেদনায়
কেঁদেছিলো আজীবন মদীনায়
সে মানুষ যদি এত সুন্দর
না জানি তাহলে তুমি কত সুন্দর।

www.pathagar.com

এলো কে কাবার ধারে

এলো কে কাবার ধারে আঁধার চিরে চিনিস নাকি রে
ও কে ও মা আমিনার কোল জুড়ে চাঁদ জানিস
নাকি রে ।

মুতালিব আজকে কেন বেহুঁশ হেন বক্ষে খুশির বান
বেদনার সুপ্ত ক্ষতে হাত বুলাতে কার এ আগমন
সাহারার হৃদয় ভরা ঝর্ণা ধারা বইলো নাকি রে ।

বাগিচায় ছন্দ বিলায় বুলবুলি হায়
আজ সে দিওয়ানা
চুমু খায় প্রেমের ভাষায় গভীর নেশায়
পেয়ে পরওয়ানা
গোলাপের অধর ভরে খুশবু ঝরে রয়না বাকী রে ।

আকাশে ভোরের রবি মুগ্ধ কবি আবেগ ছলছল
বাতাসে ছন্দ অতুল গন্ধ বকুল সোহাগ টলমল
সাগরের উর্মি মালায় দুদোল দোলায়
কার এ রাখী রে ।

www.pathagar.com

বেদুইন থমকে দাড়ায় দৃষ্টি ছড়ায় নিবিড় আনন্দে
সওয়ারির লাগাম টানে কাবার পানে জান্নাতী ছন্দে
হৃদয়ের গভীর দেশে কার পরশে খুললো আঁখি রে॥

মানাতের শেষ হলো দিন আজকে বিলিন
ঘোর আঁধারের যুগ
কাবা ঘর দীপ্ত আবার আলোয় হেরার সমাপ্ত দূর্ভোগ
কালেমার শহদ বিলায় আঁধার পাড়ায়
এ কোন সাকী রে॥

ইরানের নিভলো আগুন জ্বললো দ্বিগুন
তাওহীদি রওশান
দানবের ঘর ভেঙ্গে তাই গড়লো সেথায়
বেহেশতী গুলশান
আজাজিল আজ হতবাক এ কোন বিপাক
আসলো হাকি রে॥

আমিও সেই সে নবীর দীপ্ত রবির
আশিক দিওয়ানা
রাহে তার যা কিছু সব বিলাই হিসাব
দিব নজরানা
জিহাদের ময়দানে তাই যাই চলে যাই স্বপ্ন আঁকি রে॥

www.pathagar.com

গান শোনাতে পারি

গান শোনাতে পারি যদি তুমি কথা দিতে পারো
দ্বীন কায়েমের পথে অগ্রসর
অগ্রসর হবে তুমি আরো॥

তুমি তো জানো গান শোনানো কত কষ্ট
গান শোনাতে গেলে কত যে সময় হয় নষ্ট
সব ক্ষতি তবু আমি মেনে নিতে পারি
যদি তুমি কথা দিতে পারো॥

সারাটি জীবন আমি গান শুনিয়ে গেলাম
বিনিময়ে তার দ্বীনের কাজে বল কজন পেলাম
সব ব্যাথা তবু আমি মেনে নিতে পারি
যদি তুমি কথা দিতে পারো॥

www.pathagar.com

আন্দোলন সেতো জীবনের অন্য নাম

আন্দোলন সেতো জীবনের অন্য নাম
জীবন মানেই সংগ্রাম জীবন মানেই সংগ্রাম॥

যদি মন স্বপ্ন দেখা ভুলে যেত
যদি বেদনার মাঝে সুখ মুখ লুকাতো
কিছু হতো না তবে কিছু হতো না
জীবনের সন্ধান কেউ পেতো না॥

জীবনের মানে হলো তারকাঁটার বেড়া ভেঙ্গে ফেলা
জীবনের মানে হলো প্রতিটি ফারাক্কার প্রচন্ড ধাক্কায়
শত্রুর বুকে করা বুমেরাং॥

যদি স্রোত কথা বলা ছেড়ে দিত
যদি বাতাসের বুকে ঝড় কেউ না পেতো
নদী হতো না তবে নদী হতো না
সাগরের সন্ধান কেউ পেতো না॥

যদি মন স্বপ্ন দেখা ভুলে যেতো
যদি বেদনার মাঝে সুখ মুখ লুকাতো
কিছু হতো না তবে কিছু হতো না
জীবনের সন্ধান কেউ পেতো না॥

www.pathagar.com

যদি কেউ বুঝে থাক ইসলাম মরে গেছে

যদি কেউ বুঝে থাক মুসলিম মরে গেছে
যদি কেউ ভেবে থাক ইসলাম ডুবে গেছে
ভূল ভূল ভূল বন্ধু ভূল বুঝেছো
ভূল ভূল ভূল বন্ধু ভূল ভেবেছো॥

ফিরে আসে বুঝতে আঁধার
জেহাদের দ্বীন যদি আবার
থাকবে না কেউ মাথা তোলার সাড়া জাগাবার
বন্ধু ভূল বুঝেছো বন্ধু ভূল ভেবেছো॥

স্বর্বহারার দীর্ঘ নিশ্বাস
ভরবে আকাশ ভরবে বাতাস
গরিব দুঃখী রইবে নিরাশ
পাবে না আশ্বাস
বন্ধু ভূল বুঝেছো বন্ধু ভূল ভেবেছো॥

www.pathagar.com

সারা জীবন মজলুম হেথায়
সইবে জুলুম সইবে অন্যায়
খেলাফত আর পাবে না হায়
কাঁদবে বেদনায়
বন্ধু ভূল বুঝেছো বন্ধু ভূল ভেবেছো॥

কারবালাতে ঈমাম হোসেন
ধুলির সাথে মিশে গেছেন
বালাকোটে বেরলোভিও ব্যর্থ হয়েছেন
বন্ধু ভূল বুঝেছো বন্ধু ভূল ভেবেছো॥

www.pathagar.com

এ আকাশ মেঘে ঢাকা রবে না

এ আকাশ মেঘে ঢাকা রবে না
আলোয় আলোয় হেসে উঠবে
এ নদী গতিহীন হবে না
সাগরের পানে শুধু ছুটবে

কুয়াশাতো কেটে যায় রোদ উঠলেই
বালি আড়ি ভেঙ্গে যায় স্রোত ছুটলেই
চোখে দেখা এই সব তোমার বুকেও জানি
একদা তুমুল ঝড় তুলবেই

মরিচীকা দেখে কেউ ভূল করলেই
আলেয়ার আলোয় বিপাকে পড়লেই
তাকে শুধু বলা যায় যেও নাকো বন্ধু
না হয় ফেরার পথ ভূলবেই

www.pathagar.com

যা কিছু করতে চাও করতে পারো

যা কিছু করতে চাও করতে পারো
অনুরোধ শুধু ওগো পর হয়ো না
এ বুক ভাংতে চাও ভাংতে পারো
অনুরোধ শুধু এই ঘর ভেঙ্গো না ॥

অনেক রক্ত দিয়ে গড়া এই মসজিদ
মুক্তির প্রিয় ঠিকানায়
অনেক কান্না ভেজা এই সুবহে উন্মিদ
স্বপ্নের স্বীয় সীমানায়
কেমন করে ওগো আগুন দেবে তুমি
পাষান পাথর হয়ো না ॥

এক দেহে এক প্রাণে আমাদের অধিবাস মূলত
মাঝ পথে এসে আজ ছাড়াছাড়ি হবে কেন বলোতো ॥

সকল তীক্ততা কি ওগো ভূলে গিয়ে
সেই প্রেম খুঁজে পাবো না
সকল দুঃখ মুছে মন খুলে ওগো
সেই গান কভূ গাবো না
হৃদয় দুভাগ করে কি সুখ পাবে তুমি
নিদয় নিঠুর হয়ো না ॥

www.pathagar.com

কথায় কাজে মিল দাও

কথায় কাজে মিল দাও আমার রাব্বুল আলামিন
আল জিহাদ ফি সাবিলিল্লায় রাখো বিরামহীন ॥

মোনাফেকী যা আছে এই জীবন থেকে মোর
দূর করতে দাও দৃঢ় ঈমান তপ্ত আঁখি লোর
চরিত্র দাও বলিষ্ঠতর, আমলে ছালেহীন ॥

আমার জীবন আমার মরণ আমার সুকৃতি
আমার নামাজ এবং আমার সকল প্রস্তুতি
কবুল করে নাও হে প্রভু গাফুরুর রাহিম ॥

পথ পাবার পর আবার যারা ভ্রান্ত হলো হায়
তাদের মত হে দয়াময় করোনা আমায়
চাইনা জীবন বিড়ম্বিত শান্ত্বনা বিহীন ॥

www.pathagar.com

এখানে কি কেউ নেই

এখানে কি কেউ নেই খোদার রঙে জীবনকে রাঙাবার
এখানে কি কেউ নেই খোদার রাহে জীবনকে বিলাবার॥

এখানে কি নেই খালিদের মত কেউ
এখানে কি নেই সালাদ্দীন সম কেউ
এখানে কি নেই তারিকের মত কেউ
এই দুর্দিনে অভিযান চালাবার॥

ঐ তো কাফেলা মদিনার পথে চলেছে দুর্নিবার
ঐ তো নকিব হেটে যায় শোনা আল্লাহু আকবার॥

এখানে কি নেই খাবাবের মত কেউ
এখানে কি নেই হামজার/মাগাজীর মত কেউ
এখানে কি নেই মালেকের মত কেউ
এই দুর্দিনে অভিযান চালাবার॥

www.pathagar.com

ধৈর্য ধারণ করার শক্তি

ধৈর্য ধারণ করার শক্তি
দাও গো মেহেরবান আমায়
দাও গো মেহেরবান
বুকের ভেতর ব্যথার নদী
বইছে অবিরাম॥

আঁধার আমার আলো দিয়ে
কানায় কানায় দাও ভরিয়ে
অন্তর জুড়ে দাও গো প্রভু
ভোরের পাখির গান॥

ফাগুন কেড়ে নেয়া চৈত্র
আষাঢ় করে দাও
গাছ-গাছালীর শীতল ছাঁয়ায়
জীবন ভরে দাও॥

আমার ধূধূ মরুর দেশে
দাও গো জোয়ার ভাটার শেষে
পারাবারের বাউরি বাতাস
আমায় কর দান॥

www.pathagar.com

ঘন দূর্যোগ পথে দূর্ভোগ

ঘন দূর্যোগ পথে দূর্ভোগ
তবু চল তবু চল
পাহাড় বনানী পেরিয়ে সেনানী
ভাঙ্গ মিথ্যার জগদ্দল॥

মজলুমানের মৃত্যু তুহিন হৃদয়ে
আন আশ্বাস রক্ত সূর্য উদয়ের
হেরার গুহার উদ্ভাসে ফের
জাগা জনতার প্রাণ অতল॥

তিমির কুহেলী ঠেলে আন তিথি শুক্লা
নিদালি হৃদয়ে জ্বাল অম্লান উল্কা॥

হেজাযের ঝড়ে জনপদে আন বন্যা
কুরআনের সুধা পিয়ে হোক ধরা ধন্যা
নয়া খেলাফত রাশেদার দ্বীন
ঘুচাক জাহেলী প্রলাপ ছল॥

www.pathagar.com

এই দূর্যোগে এই দূর্ভোগে

এই দূর্যোগে এই দূর্ভোগে আজ
জাগতেই হবে জাগতেই হবে তোমাকে
জীবনের এই মরু বিয়াবানে
প্রাণ আনতেই হবে আনতেই হবে তোমাকে॥

জড়তার দেশে দাও দাও হিন্দোল
বহাও বন্যা তৌহিদী হিল্লোল
অমারাত্রির সকল কালিমা মুছে
সূর্য উঠাতেই হবে উঠাতেই হবে তোমাকে॥

এখানে এখনো জাহেলী তমদ্দুন
শিকড় গাড়ার প্রয়াসে যে তৎপর
সজাগ শান্ত্রী প্রস্তুতি নাও নাও
প্রতিটি শিকড় উপড়াতে পরপর॥

কুফুরীর ভিত ভাঙ্গার সময় হলো
মরু সাইমুম আগুনের ঝড় তোলো
কোরানের ডাকে বাতিলের ঝংকার
শেষ করতেই হবে করতেই হবে তোমাকে॥

www.pathagar.com

জিন্দাবাদ জিন্দাবাদ বীর মুজাহিদ

জিন্দাবাদ জিন্দাবাদ
বীর মুজাহিদ জিন্দাবাদ
হযরত আলীর বিপ্লবী খুন
তোর দীলে আজ হোক আবাদ॥

দুর্গম মোরা যোদ্ধা বীর
মহা ভীতি ভয় দরদীর
ঝঞ্জার বেগে নির্মুল কর
জালিম দলের স্বপ্ন সাধ
বৃষ্টির পরে ভেঙে পড়ে যেন
অত্যাচারীর রাজ প্রাসাদ॥

আলো ঝড় আনুক প্রাণ মাতাল
নাজুক ধরনী টালমাটাল
ঘুমাইয়া যারা জাগিয়া দেখ
উড়ছে আকাশে রক্তজাল
স্বাধীন তুমি যে মুসলিম তুমি সে
সেই বীর সেই দিল আজাদ॥

www.pathagar.com

দৃষ্টি তোমার খুলে রাখো

দৃষ্টি তোমার খুলে রাখো দীপ্র সৃষ্টির জন্য
দেখবে স্রষ্টার শ্রেষ্ঠ প্রকাশ কত না অনন্য॥

বিহঙ্গ তার পক্ষ দোলায়
দূর বিমানে শূণ্য কোলায়
কে রাখে ভাসিয়ে তারে ভাবনা সামান্য॥

সমতল আর পর্বত মালা
এই কোলাহল ঐ নিরালা
কার মহিমা জড়িয়ে রাখে গহনও অরণ্য॥

স্রোতের ধারায় রুপালী ঢেউ
ভাঙছে হিরক দেখেছো কেউ
কার সে ছবি বলছে কথা আঁকছে সে কার চিহ্ন॥

বৃষ্টি নামে ঝর ঝর লতায় পাতায় থর থর
কি যে মধুর বাতাস এসে ভরে অপরাহ্ন॥

ঘাসের ডগায় শিশির কণা মুক্ত আঁকা ও আল্পনা
কার সুষমা ধারন করে হয়েছে গো ধন্য॥

www.pathagar.com

রোদের ভেতর ইলশে গুড়ি

রোদের ভেতর ইলশে গুড়ি সঙ্গে পাখির ডাক
মন বাগানের ভেতর যেন মৌমাছিদের ঝাঁক॥

মন মেলে দেয় পাখা
যায় না ঘরে থাকা
আকাশে কার তুলির আঁচড়
রংধনুকে রাখ॥

ঘাসের ডগায় হীরক জ্বলে
মুক্ত ফুলের বুকে
হঠাৎ হাওয়া দোল দিয়ে যায়
একটু খানি ঝুঁকে॥

কে এক রাখাল ছেলে
ছুটলো মাথাল ফেলে
সোহাগে তার উঠলো নেচে
হিজল বনের বাঘ॥

www.pathagar.com

হে খোদা মোর হৃদয় হতে

হে খোদা মোর হৃদয় হতে
দূর করে দাও সকল বেদনা
সকল ভাবনা
দূর করে দাও সব যন্ত্রনা
সকল যাতনা॥

তুমি ছাড়া কেউ যেন আর
জায়গা না পায় লুকিয়ে থাকার
এই অন্তরে এই পরানে তুমি কামনা॥

আলেয়া সব আলো সব আলো তো নয়
মিথ্যা অমানিশা
খাঁটি প্রেমের তুমি আঁধার আর সকলই বৃথা॥

তোমার প্রেমে হয়ে পাগল
দু'নয়নে নামিয়ে বাদল
যায় ভাসিয়ে যেন আমি দহন বেদনা॥

www.pathagar.com

এই দুটি চোখ দিয়েছ বলে

এই দুটি চোখ দিয়েছো বলে
দেখি যে কতই অপরুপ
নয়নাভিরাম ক্ষেত খামারে
জুড়ায় জ্বালা বিধুর অধূপ॥

ঐ নিস্বর্গের বাঁকে বাঁকে
মন যে আমার পড়েই থাকে
তোমার কারো কাজেরও মেলায়
আনন্দে মোর ভরে যে বুক॥

তোমার দেয়া চোখের শোকর
জানাবো তার ভাষা কই
যতই ভাবি ততই যেন
পলক হারা চেয়ে রই॥

তোমার সৃষ্টি ওগো রহিম
দিক-দিগন্তে অশেষ অসীম
ফুল ফসলের অতুল শোভায়
বাক হারা হই রইযে চুপ॥

www.pathagar.com

সে কোন বন্ধু বলো

সে কোন বন্ধু বলো বেশী বিশ্বস্ত
কার কাছে মন খুলে দেয়া যায়
কার কাছে সব কথা বলা যায়
হওয়া যায় বেশী আশ্বস্ত
তাঁর নাম আহমাদ বড় বিশ্বস্ত॥

যে জন কখনো ব্যথা দিতে জানে না
যে জন কেবলি মুছে দেয় বেদনা
হৃদয়ের হাহাকার আপন করে নিতে আর
কার বুক এত প্রশস্ত॥

মহানবী বলে তারে কেউবা ডাকে
আমি ডাকি প্রিয়তম
সে আমার ধ্যান ভালবাসা প্রেম
মধুময় মনোহর স্বপ্ন সম॥

যে জন করুনার অনুপম উপমা
যার মত মরমী কোথাও আর মেলেনা
জীবনের আঙিনায় আবাদ করে দিতে আর
কার বুক এত প্রশস্ত॥

www.pathagar.com

না হয় হলো মন শুকনো কোন মরুভূমি

না হয় হলো মন শুকনো কোন মরুভূমি
অশাহত হয়ো নাকো তুমি॥

আরো কিছু পথ চলো মরিচিকা মাড়িয়ে
দেখবে সাগর আছে দুটি বাহু বাড়িয়ে
বিশাল ঢেউয়ের গান হাওয়ার গতি ভেঙে
হাঁসছে কেমন করে জানবে তুমি॥

বাথাহত মনটারে দেখাও আকাশ
কি করে বিহানে হয় আলোর প্রকাশ॥

নিরুহ নাম তার রয় যে গো দাঁড়িয়ে
ঝঞ্ঝা ঝড়ের যত বিভীষিকা মাড়িয়ে
তোমার স্বপ্ন যদি তেমনি অটল হয়
অটল স্বপ্ন যদি তেমনি অটল হয়
বিজয় সুদূরে নয় মানবে তুমি॥

www.pathagar.com

আমাকে যখন কেউ প্রশ্ন করে

আমাকে যখন কেউ প্রশ্ন করে
কেন বেছে নিলে এই পথ
কেন ডেকে নিলে বিপদ
জবাবে তখন বলি
মৃদু হেঁসে যাই চলি
বুকে মোর আছে হিম্মত॥

বাতাসের সাথে স্রোত
বিরোধিতা করে বলে
বুকে ওঠে ঢেউ সাগরের
সাগরের বুকে ঢেউ আছে বলে বন্ধু
ভাঙ্গে গড়ে পৃথিবী মোদের
তুমি ভীরু নদীহীন
প্রাণ থেকেও প্রাণহীন
জড়বাদি তাই তব মতামত॥

আলোকের সন্ধানে সন্ধানী কোনো মন
পেয়ে গেলে আলোকের সন্ধান
ফিরে যেতে চায় কি সে
আঁধারের দিকে আর
যদি না সে হয় কভূ নিস্প্রাণ
আমি সেই সন্ধানী
পেয়ে গেছি সন্ধান
যদিও রয়েছে খাঁড়া জুলুমত

www.pathagar.com

কি হবে হতাশ হয়ে

কি হবে হতাশ হয়ে হারিয়ে গিয়ে
কি হবে জীবন থেকে চুপি সারে পালিয়ে গিয়ে॥

দুচোখে আঁধার নামে রাত্রি এলে
সে আঁধার তাড়িয়ে দিও সূর্য জ্বেলে
কি হবে দুঃখ গুলো নতুন করে ঝালিয়ে নিয়ে
কি হবে স্বপ্ন গুলো ইচ্ছে মতো জ্বালিয়ে দিয়ে
কি হবে আশার প্রদীপ নিভিয়ে দিয়ে
কি হবে মন মাঝিকে পথের মাঝে ডুবিয়ে দিয়ে॥

হৃদয়ে আঘাত লেগে রক্ত ঝরে
সে আঘাত মাড়িয়ে যেও অকাতরে
কি হবে দুঃখ গুলো নতুন করে ঝালিয়ে নিয়ে
কি হবে স্বপ্ন গুলো ইচ্ছে মতো জ্বালিয়ে দিয়ে॥

www.pathagar.com

উত্তাপে উজ্জল রক্তিম সময়ে

উত্তাপে উজ্জল রক্তিম সময়ের কপত উড়ায়
পাণ্ডুর চাঁদ ঠেলে হীরকের উন্মুখ
ঝিনুক কুড়াই॥

জীবনের চাষ করি দিগুন তিগুন
ঘোষে ঘোষে নিশ্চয়ই জ্বালাব আগুন
নিয়তির বাঁধ ভেঙ্গে নির্মম প্রহরীর
নিয়ম ঘুরাই॥

পাঁজরের ভাঁজে ভাঁজে অগনন নক্ষত্র
সূর্যের সু-সময় দিয়ে গেল প্রজ্বল
লোহ লাল পত্র॥

গাংচিল প্রয়াসের ধূষর ডানায়
পদাতিক ইচ্ছেরা দাঁড় টেনে যায়
সাগরিক হৃদয়ের পংকজ উৎসবে
নগর জুড়াই॥

www.pathagar.com

চলো চলো চলো মুজাহিদ

চলো চলো মুজাহিদ
পথ যে এখনো বাকি
ভোলো ভোলো ব্যথা ভোলো
মুছ ফেলো ওই আঁখি॥

অসুক ক্লান্তি শত বেদনা
শপথ তোমার তবু ভুল না
সময় হলে দিও আজান
তৌহিদের হে প্রিয় সাকী॥

তোমার ঘামের সঙ্গে মিশে
জাগবে সাড়া রাতের শেষে
উঠবে বেজে ভোরের সানাই
নীড়ছাড়া ওরে পাখী॥

হৃদয় কদম চলতে চায় না
কতই পথের সীমা পায়না
বাঁকের পরে বাঁক যে এসে
বাঁকের সাথে বাঁধ রাখি॥

www.pathagar.com

ব্যথার পাথার বক্ষে চেপে
যেতে হবে তবু যে দূরে
থামলে তোমার চলবে নাকো
ভীরুর খ্যাতি চাও নাকি?

শান্ত্বনা তব খোদার খুশী
এই তো পাওয়া রাশি রাশি
লোকের ঘৃণায় কি আসে যায়
খোদার সেই রং নাও মাখি॥

ভয় কি তোমার সংগী খোদা
দীলের কাবায় কোরান বাঁধা
মরলে শহীদ বাঁচলে গাজি
কেবা তোমায় দেয় ফাঁকি॥

www.pathagar.com

পৃথিবী আমার আসল

পৃথিবী আমার আসল ঠিকানা নয়
মরন একদিন মুছে দেবে সকল রঙ্গিন পরিচয়॥

মিছে সব দ্বিধা আর দ্বন্দ্ব
মিছে গান কবিতার ছন্দ
মিছে এই জীবনের রংধনু সাতরং
মিছে এই দুদিনের অভিনয়॥

একদিন হিসেবের খাতা খুলে বন্ধু
তোমাকেই দাঁড়াতে হবে
সেই দিন প্রশ্নের কি দেবে জবাব হায়
বলো না কি কথা কবে॥

মিছে এই স্নেহপ্রীতি বন্ধন
মিছে মায়া ভালোবাসা ক্রন্দন
মিছে এই নাটকের মঞ্চের খেলাঘর
মিছে এই জয় আর পরাজয়॥

www.pathagar.com

জিহাদ করতে চাই আমি

জিহাদ করতে চাই আমি জিহাদ করতে চাই
জিহাদ ছাড়া অন্য কোন পথে মুক্তি নাই॥

খাঁটি মুমিন না হলে কেউ হয় না মুজাহিদ
আল্লাহর পথে পথিকদেরও হয় না সুহৃদ
গাজী হতে চাই আমি গাজী হতে চাই॥

আবুল আলা মওদুদীর ন্যায় গাজী হতে চাই
আব্বাস আলী খানের মত গাজী হতে চাই॥

দুর্বল ভীরু কাপুরুষরা জিহাদ করে না
জীবন দেবার ঝুঁকিপূর্ণ রাস্তা ধরে না
শহীদ হতে চাই আমি শহীদ হতে চাই॥

মালেক ভাইয়ের মত আমি শহীদ হতে চাই
সাব্বির ভাইয়ের মত আমি শহীদ হতে চাই॥

www.pathagar.com

মাঠ ভরা ঐ সবুজ দেখে

মাঠ ভরা ওই সবুজ দেখে
নীল আকাশে স্বপ্ন এঁকে
হৃদয় কথা মনে পড়ে
সে যে আমার পালনেওয়ালা॥

ওই যে পাখি মেললো পাখা
কোন অজানার পথে একা
ও যেন স্বপ্ন দেখা
ও যেন কাব্য লেখা
হৃদয় প্রেমে সুরে সুরে
সে যে আমার পালনেওয়ালা॥

ওই যে দূরে মেঘের খেলা
জোনাক জোনাক তারার মেলা
ও যেন স্বপ্নপুরী
কি মধুর মরি মরি
হৃদয় ছোঁয়া লেগে ওরে
সে যে আমার পালনেওয়ালা॥

ওই যে অলী ফুলের কানে
বললো কথা গানে গানে
সুরে সুরে জুড়িয়ে গেলো
বেদনা ভুলিয়ে গেলো
হৃদয় স্বরলিপি পড়ে
সে যে আমার পালনেওয়ালা॥

www.pathagar.com

দাও খোদা দাও হেথায় পূর্ণ

দাও খোদা দাও হেথায় পূর্ণ ইসলামী সমাজ
রাশেদার যুগ দাও ফিরায়ে দাও কোরআনের রাজ॥

কোটি কোটি মানুষ হেথায় বঞ্চিত রে বঞ্চিত
বাতিল মতের জিন্দানে হায় শংকিত রে শংকিত
জলে স্থলে বিভীষিকা হায় পশুত্ব আর বর্বরতায়
তাইতো হেথায় আজ কামনা খোদা তোমার রাজ॥

লাখ শহীদের রক্তে এ দেশ রঞ্জিত রে রঞ্জিত
লক্ষ মায়ের বক্ষে ব্যথা সঞ্চিত রে সঞ্চিত
কত ভাই যে হারিয়ে গেল কত বন্ধু প্রান হারালো
সকল ব্যথা ভুলবো পেলে খোদা তোমার রাজ॥

আর কত চাও রক্ত খোদা উজাড় এদেশ উজাড় প্রায়
আর কত চাও শহীদ খোদা উজাড় এদেশ উজাড় প্রায়
চাইলে আরো নাওগো আরো রক্ত সাগর ভরো ভরো
সকল কিছুর বদলাতে দাও খোদা তোমার রাজ॥

www.pathagar.com

এসো গাই আল্লাহ নামের গান

এসো গাই আল্লাহ নামের গান
এসো গাই গানের সেরা গান
জনমনে তুলবো তুমুল
তূর্য তাল ও তান॥

ডানা মেলে উড়লে পাখি
শুধু কি ও নাম ডাকি ডাকি
আকাশ নীলে মেঘের ভেলা
নিত্য চলমান॥

ঢেউ সে দুলে দুলে বুঝি
সাত সাগরে বেড়ায় খুঁজি
এই নামেরই অরূপ রতন
হীরা ও কাঞ্চন॥

ওই মাঠে বনে বনে
সবুজ সবুজ আলাপনে
এই নামেরই আলোকধারা
জমিন ও আসমান॥

www.pathagar.com

হঠাৎ করে জীবন দেয়া

হঠাৎ করে জীবন দেয়া
খুবই সহজ তুমি জান কি?
কিন্তু তিলে তিলে অসহ জ্বালা সয়ে
খোদার পথে জীবন দেয়া
নয়তো সহজ তুমি মানো কি?

আবেগ সেতো হঠাৎ আগুন
একটু তাপেই জ্বলবে দ্বিগুণ
সেই আবেগে গুলির মুখে
বক্ষ পেতে দেয়াও যেতে পারে
কিন্তু বিবেক দিয়ে কঠিন শপথ নিয়ে
খোদার রঙে জীবন রাঙানো
নয়তো সহজ তুমি মানো কি?

ঝড়ের বেগে সাগর দোলে
বানের তোড়ে পাহাড় টলে
এই নিয়মে হঠাৎ করে
একটি বিশাল দ্বীপ জাগতে পারে
কিন্তু ধীরে ধীরে সাধনা করে করে
খোদার রঙে জীবন রাঙানো
নয়তো সহজ তুমি মানো কি?

www.pathagar.com

সারা বাংলার গ্রামে গঞ্জে

সারা বাংলার গ্রামে গঞ্জে
শহরে নগরে উপকণ্ঠে
চির গৌরব নব যৌবন
জেগে ওঠে যেন নব ছন্দে॥

জনতা সাগরে আষাঢ়
জোয়ার ডাকে বান
প্রতি প্রাণে প্রাণে
নব চেতনায় জাগে গান
জাগে অনল প্রবাহ
জাগর প্রদাহ
আলো আঁধারের চির দ্বন্দ্বে॥

কাদের সাহসে আকাশের
মেঘ কেটে যায়
কার আবেগে নদী সে
মোহনা খুঁজে পায়
পথ অজানা অচেনা
পথের ঠিকানা
শক্তি ও গতির অনুষঙ্গে॥

www.pathagar.com

একজন মুজাহিদ কখনো বসে থাকে না

একজন মুজাহিদ কখনো বসে থাকে না
যতই আসুক বাঁধা
যতই আসুক বিপদ
ভেঙ্গে পড়ে না॥

অর্থ বিত্ত নাইবা থাকল তার
নাইবা থাকল সাজানো সংসার
তবুও সে হয়না হতাশ
মুষড়ে পড়ে না॥

একজন মুজাহিদ জীবনের আসল/ধ্রুব সত্য জানে
তাই অবিরাম ছুটে চলে সঠিক লক্ষ্য পানে॥

সামনে থাকলো বাঁধার পাহাড় তার
দুশমন হল না হয় বেসুমার
তবুও সে চলতে থাকে
থমকে দাড়ায় না॥

www.pathagar.com

সাহসের সাথে কিছু স্বপ্ন জড়াও

সাহসের সাথে কিছু স্বপ্ন জড়াও
তারপর পথ চল নির্ভয়
ঈশ্বরের বাঁধ কেটে আসবে বিজয়
সূর্যের নগ্ন সে নিশ্চয়॥

তোমার পায়ের ছাপ স্পষ্ট কর
অন্তর রুগ্ন ভাগ নষ্ট কর
তবে সাথীরা আরো এগিয়ে যাবে
দুঃখ সে হোক যত নির্দয়॥

পাহাড়ের মত ঠেকে ধৈর্য ধর
দুঃখ যদি হয় অতিরিক্ত
জীবনের সাথে গিয়ে লক্ষ্য তোমার
জুড়ে কর দৃঢ় সম্পৃক্ত॥

তোমার মনের চোখ তীক্ষ্ণ কর
ধর্ম বর্ণ উত্তীর্ণ কর
নিজেই নিজের দিকে তাকিয়ে দেখে
অনুরাগের পথ কর নির্ণয়॥

www.pathagar.com

জিহাদের মানে হলো বাচঁতে শেখা

জিহাদের মানে হলো বাঁচতে শেখা
শাহজালালের সেই তলোয়ার দেখে
আমি বুঝতে পেরেছি
জিহাদের মানে হলো বাঁচতে শেখা
খান জাহানের সাথে
শহীদের ঈদগাহে দেখতে পেয়েছি
রক্তের আখরে তা রয়েছে লেখা॥

বেঈমান খাঁটি কোন খাদ নেই
সে ইমান কথা ওগো বলবেই
হাজী নিসার আলী তিতুমীরের পথ ধরে
জানতে পেরেছি
মুমিনের কাজ হলো লড়তে থাকা॥

আছে যার ঈমানের/আলোকের সম্ভার
আঁধারের নেই কোন ভয় তার
সূর্যের উঠা দেখে
সন্দেহাতীতভাবে জানতে পেরেছি
সত্যের গতিবেগ যায় না রোখা॥

যে মরণ জীবনের জন্যে
সে মরণ তোলপাড় করবেই
বালাকোটের সেই ইতিহাস
পড়ে আমি জানতে পেরেছি
শহীদের রক্ত যে যায় না বৃথা॥

www.pathagar.com

বজ্র আঘাতে ভাঙ্গে এক সাথে

বজ্র আঘাতে ভাঙ্গে এক সাথে
কঠিন পাষাণ কারা
দুর্বার বেগে দুরান্তাবেগ
জাগায় ঘুমের পাড়া
নির্ভীক ওরা কারা॥

ওরা এই দেশে জাগ্রত চেতনা
পাড়ি দিয়ে এলো অতীতের বেদনা
সোনালী ভোরের সূর্য ফসল
বিপুল বন্যা ধারা
নির্ভীক ওরা কারা॥

তৌহিদবাদী জঙ্গি যে ওরা বারুদের কোষাগার
পদ্মা মেঘনা যমুনা সুরমা বাঁধ ভাঙ্গে এইবার॥

ঈমানের তেজ বলীয়ান বীরসেনা
শান্তি পিয়াসী জনতার চিরচেনা
দুঃসাহসের দূর্গ ভেঙ্গেছে
দীপ্ত দুর্ভয় যারা
নির্ভীক ওরা কারা॥

www.pathagar.com

এত শহীদ রক্ত ঢালে

এত শহীদ রক্ত ঢালে
তবু কেন তোমার বিবেক কথা বলে না
এত চোখের অশ্রু ঝরে তবু কেন
তোমার পাষান হৃদয় গলে না হায়॥

এত জুলুম চতুর্দিকে থাবা ফেলে প্রতিদিন
মজলুমানের লগ্ন ফুরায় শোক বিহবল স্বপ্নহীন
এই অসহায় কালবেলাতে
তবু কেন তোমার ঈমান
দিগুন জ্বলে না হায়॥

কোন ভয়ানক ঘুমের ঘোরে
তোমার সময় কাটছে আজ
অথচ হায় হাজার দুশমন
অঙিনাতে হাটছে আজ॥

শান্তি প্রিয় মানুষ যখন
স্বস্তি হারা শংকাকুল
তখনও কি দৃষ্টি তোমার
অন্ধকারে বদ্ধমূল
তখনও কি আলোর দিকে
দুঃসাহসে তোমার দৃপ্ত
কদম চলে না হায়॥

www.pathagar.com

সংগঠনকে ভালোবাসি আমি

সংগঠনকে ভালোবাসি আমি
সংগঠনকে ভালোবাসি
এই জীবনকে গড়বো বলে
বারে বারে তার কাছে আসি॥

সংগঠনকে ভাংতে যাদের মন কাঁদেনা
তার ইতিহাস ভুলতে যাদের যায় আসেনা
তাদের মত আমি যেন না হই কখনো সর্বনাশী॥

সংগঠননের চেয়ে বড় কেউ নয়
সংগঠনই মূল পরিচয়॥

সংগঠন না থাকতো যদি মুক্তি পেতাম না
খোদার পথের সৈনিক হবার যুক্তি পেতাম না
পেতাম নাতো জীবন জুড়ে উদার নভনি দীপ্ত হাসি॥

www.pathagar.com

কার কতটা ঈমান আছে

কার কতটা ঈমান আছে সময় এলো পরীক্ষার
রনাঙ্গনের ডাক আসে ঐ লগ্ন তুলি প্রতিক্ষার॥

কে সাহসী কে ভীরু আর
এইতো সময় পরখ করার
আজ প্রয়োজন শক্তি সাহস
ধৈর্য্য ত্যাগ ও তিতীক্ষার॥

লম্বা কথার দিন গেছে ভাই
ভাওতাবাজির দিন গেছে
যার হৃদয়ে আছে ঈমান
আজকে কেবল সেই বাঁচে॥

আল্লাহ তায়ালার বান্দা কে সে
কে সে বেড়ায় ছদ্মবেশে
হিসেব মিলার লগ্ন এলো
লগ্ন এলো নিরীক্ষার॥

www.pathagar.com

আম্মা বলেন ঘর ছেড়ে তুই

আম্মা বলেন ঘর ছেড়ে তুই যাসনে ছেলে আর
আমি বলি খোদার পথে হোক এ জীবন পার॥

নিজের জন্য করলি না তুই কিছু
আল্লাহ জানেন ঘুরিস কাদের পিছু
কি যে করিস কোথায় থাকিস বুঝিনা কারবার॥

যে পথ ধরে চলতে বলেন আল্লাহ কাদের গনি
আপনি কি মা নিষেধ করেন বলুন না আজ শুনি॥

আল কোরানের আহবানেও মা
ঘর ছেড়ে কি বাহির হবো না
চোখ মুছে মা চুপ করে যান ফুরায় কথা তার
একটু পরে কেঁদে বলেন হে খোদা নাও ভার॥

www.pathagar.com

কেউ ছুঁতে চায় তারার আলো

কেউ ছুঁতে চায় তারার আলো
কেউ ছুঁতে চায় চাঁদ
কারোর আবার মনের মধ্যে
মঙ্গল গ্রহের সাধ
আর আমার স্বপ্ন শুধু
সেই সোনার গায় ঘুমিয়ে যেথায়
রাসূল মোহাম্মাদ॥

ও মেঘের নাও দাও কথা দাও
আমায় সঙ্গে নেবে
একটি বারে হেরার গুহায়
সত্যি পৌঁছে দেবে
বয়ে শন শন হয়ে উন্মন
পেরিয়ে প্রাণপন সকল বাধ॥

www.pathagar.com

ও পুবাল বাও যাও নিয়ে যাও
কোন পাখির সাথে
দ্বীনের বন্ধু প্রানের সিন্ধু
নবীর মদিনাতে
বয়ে শন শন হয়ে উন্মন
পেরিয়ে প্রাণপন সকল বাধ॥

ওগো পাখি নাওগো ডাকি
গানের সুরে সুরে
ভালোবেসে নবীর দেশে
হোক না যতই দুরে
হয়ে উৎছল উড়ে চঞ্চল
পেরিয়ে উত্তাল বিসম ভার॥

www.pathagar.com

এই গুনাহগার প্রভু

এই গুনাহগার প্রভু
দয়া ছাড়া কিছু চায় না
জ্বলে পুড়ে গেল বুক
সেরে দাও সব অসুখ
সওয়া যায় না॥

শুনেছি রজনী এলে দিবস আসে
আলোয় আলোয় সারা ভূবন ভাসে
মেঘে ঢাকা এই মন কাঁদে শুধু অনুক্ষণ
রোদ পায় না॥

আর তো পারি না আমি বুক ভেঙ্গে যায়
শান্ত্বনা তুমি ছাড়া কে দেবে আমায় বল॥

তুমি তো সীমানা বিহীন অসীম অপার
অশেষ অথৈ তব দয়ার পাথার
দুটি হাত পেতে পেতে সে দয়ার কিছু নিতে
বড় বায়না॥

www.pathagar.com

রাসুল আমার ভালোবাসা

রাসূল আমার ভালোবাসা
রাসূল আমার আলো আশা
রাসূল আমার প্রেম বিরহের মূল আলোচনা
রাসূল আমার কাজে কর্মে অনুপ্রেরণা॥

যখন দারুণ দুঃখ নামে
আমার জীবন জুড়ে
বিপদ আপদ মসিবতে
মরি পুড়ে পুড়ে
তখন তোমার শৈশব কৈশর
যোগায় শান্ত্বনা॥

আশাহত জীবন যখন
দুর্বিসহ লাগে
ব্যর্থ এবং পরাজিত
স্মৃতিগুলো জাগে
তখন তোমার বদর ওহুদ
জুড়ায় যন্ত্রণা॥

www.pathagar.com

কত রকম রাজার নীতি
প্রজার নীতি দেখলাম
দুঃখ হায়রে দুঃখ ছাড়া
আর কিছু না পেলাম
তাইতো শুধু মনে পড়ে
সোনার মদিনা॥

নেতার মত নেতা যখন
পাই না কোথাও খুঁজে
কাঁদি শুধু কাঁদি হায়রে
এই দুটি চোখ বুঁজে
তখন তোমার স্মরণ আমায়
দেয় যে শান্ত্বনা॥

www.pathagar.com

গান আমার কাঁদেরে

গান আমার কাঁদেরে
প্রাণ আমার কাঁদেরে আজ কাঁদে
মানুষের মুক্তি চেয়ে জীবনের স্বস্তি চেয়ে॥

কেন মানুষে মানুষে ভেদাভেদ
কেন উঁচু নিচুর এত বিদ্বেষ জেদ
হৃদয়ের ব্যথা ভার
সমাজের হাহাকার আজ শুধু
ফেলিছে আকাশ ছেয়ে ফেলিছে বাতাস ছেয়ে॥

কেন হানাহানি চলে বিশ্বময়
কেন সত্যের আজো ঘটে পরাজয়
রাত কাটে মজলুমের
দু:স্বপ্ন নির্ঘুমের হায় হায়রে
হতাশার চাবুক খেয়ে নিরাশার আঘাত পেয়ে॥

কেন সুখের সুদিন আজো আসে না
কেন ফুলের মত মানুষ হাসে না
বেদনার অশ্রু বয়
যাতনার অশ্রু বয় বয় কেন
গরিবের দুচোখ বেয়ে দুখিদের দুচোখ বেয়ে॥

www.pathagar.com

টিক টিক টিক টিক যে ঘড়িটা

টিক টিক টিক টিক যে ঘড়িটা বাজে ঠিক ঠিক বাজে
কেউ কি জানে সেই ঘড়িটা লাগবে কয়দিন কাজে॥

ঝকঝক ফকফকি করে যত্‌দিন ঘড়ির চেহারা
তত্‌দিন তারে কিনতে চায় যে খরিদ্দারেরা
সময় মতো সময় দিলে সবখানে বিরাজে॥

চকচক তকতক জীবন ঘড়ি করে যতোদিন
দাম থাকে তার সবার কাছে বন্ধু ততোদিন
মনের মাধুরী মিশিয়ে সাজায় নানান সাজে॥

হায় হায় হায় হায় আসল ঘড়ির অর্থ বুঝলাম না
সময় থাকতে সময়ের মূল অর্থ খুঁজলাম না
খাইলাম দাইলাম ঘুরলাম শুধু এই দুনিয়ার মাঝে॥

যায় যায় যায় যায় দিন চলে যায় কুরআন পড়লাম না
কত নোবেল নাটক পড়লাম হাদীস ধরলাম না
সত্যিকারের খাঁটি মুমিন মুসলিম হলাম না যে॥

www.pathagar.com

www.pathagar.com